



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)



স্মারক নং-৩৮.০১.০০০০.১০৭.৩৭.০০২.২২-২২২

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৮  
১৪ ফেব্রুয়ারি ২০২২

**বিষয়: শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উদযাপন।**

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উদযাপন উপলক্ষে ০২.০২.২০২২ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী মোতাবেক নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

১। একুশে ফেব্রুয়ারি সকল শিক্ষা প্রতিষ্ঠান ও দপ্তরে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে। সূর্যোদয়ের সময় জাতীয় পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় জাতীয় পতাকা নামাতে হবে। জাতীয় পতাকা অর্ধনমিত করার ক্ষেত্রে সঠিক নিয়ম অনুসরণ করতে হবে;


২। যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে বর্তমান করোনা ভাইরাস সংক্রমণজনিত প্রয়োজ্য পরিস্থিতি বিবেচনায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদযাপনের ব্যবস্থা গ্রহণ করবে;

৩। ভাষা শহিদদের রুহের মাগফেরাতের জন্য মসজিদ, মন্দির, গীর্জা ও অন্যান্য উপসনালয়ে দোয়া/প্রার্থনার আয়োজন করতে হবে। দোয়া/প্রার্থনার সময় ভাষা শহিদদের সঠিক নাম ব্যবহার করতে হবে;

৪। সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ জেলা তথ্য অফিসার এর নিকট হতে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা অনুযায়ী পোষ্টার গ্রহণ, বিতরণ ও সাঁটানো নিশ্চিত করবেন;

৫। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে শিশুদের নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতা, ছড়া পাঠ, কবিতা পাঠ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে;

৬। জেলা ও উপজেলা স্থানীয় জেলা প্রশাসন কর্তৃক গৃহীতব্য সকল কর্মসূচিতে বর্তমান করোনা ভাইরাস সংক্রমণজনিত পরিস্থিতি বিবেচনায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে অংশগ্রহণ করতে হবে।



মোহাম্মদ নজরুল ইসলাম

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোনঃ ৫৫০৭৪৯১৭

ই-মেইল: [adgeneraldpe@gmail.com](mailto:adgeneraldpe@gmail.com).

বিতরণ:

১. পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ..... বিভাগ (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ সুপারিনটেনডেন্ট (সকল) ..... (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
৪. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল) ..... (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
৫. ইন্সট্রাক্টর, উপজেলা/থানা া রিসোর্স সেন্টার (সকল) ..... (অধিনস্থ সকলকে অবহিত করার অনুরোধসহ)।।

অনুলিপি:

১. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা। (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অফিস কপি।